500 Rs.

INDIA NON JUDICIAL

৫০০ রু.　Rs 500

भारत

पाँच सौ रुपया　FIVE HUNDRED RUPEES

Admissible under Regn. Rule 21 and also u/s 5(1) of the West Bengal L. R. Act 1955, duly stamped (Exempted from stamp duty) under the Indian Stamp Act. 1899 as amended in 1964.
Schedule 1A No ........
Process Fee ........
Paid in C. F. S.

District Sub-Registrar
Alipore, 24 Parganas
2.2.82

মং ১২,০০০.০০ বার হাজার টাকা মূল্যের

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা :-

| কোবালা গ্রহীতা :- | কোবালা দাতা :- |
| --- | --- |
| শ্রী দীপক ভট্টাচার্য্য, পিতা শ্রী যামিনী কান্ত ভট্টাচার্য্য, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাকিন ১৭৭সি, পার্ক ষ্ট্রীট, থানা বেনিয়াপুকুর, কলিকাতা - ৭০০০১৭, জেলা ২৪ পরগণা । | শ্রী জয়দেব ঘোষ, পিতা মৃত অনুকূল চন্দ্র ঘোষ, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাকিন কামডহরী থানা রিজেন্ট পার্ক, জিলা ২৪পরগণা । |

কস্য রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের /৩ তিন কাঠা ডাঙ্গা জমি মায় তৎসংক্রান্ত ও তৎসংশ্লিষ্ট যাবতীয় বর্ত্ত্ব স্বত্ব মায় সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি

100 Rs.

INDIA NON JUDICIAL

१००रु.  Rs 100

भारत

एक सौ रुपया  ONE HUNDRED RUPEES



স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্বত্ব মুক্ত ও খাস অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা ২৪ পরগণা, সাবরেজিষ্ট্রী আলিপুর সাবেক থানা সদর টালিগঞ্জ হাল থানা রিজেন্ট পার্ক পরগণা মাগুরা, ২৪ পরগণা জেলা কালেক্টারীর ১৪ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২০০, জেঃ এলঃ নং ৪৯ মৌজা কামডহরী গ্রামের সাবেক ১৩০ নং হাল খতিয়ান নং ১২৯, সাবেক ও হাল ৫১৬ নং দাগের ১.৩৫ শতক জমি ও অন্যান্য সম্পত্তি কোবালা দাতা আমার পিতামহ স্বর্গীয় রসময় ঘোষ মহাশয়ের স্বত্ব দখলি সম্পত্তি থাকে। উক্ত সকল সম্পত্তিতে তাঁহার স্বত্ব ও দখল থাকাকালীন তদীয় দুই পুত্র কোবালা দাতা আমার পিতৃদেব এক্ষণে স্বর্গীয় অনুকূল চন্দ্র ঘোষ ও আমার জ্যেষ্ঠতাত এক্ষণে স্বর্গীয় পঞ্চানন ঘোষ মহাশয় দ্বয়কে একমাত্র ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া কোন প্রকার উইলাদি না করিয়া পরলোক গমন করেন। তাঁহার ত্যক্ত উক্ত সম্পত্তি

100 Rs.

INDIA NON JUDICIAL


१००रु.    Rs 100

भारत

एक सौ रुपया    ONE HUNDRED RUPEES


॥ ৩ ॥

সম্পত্তি তাহার দুই পুত্র তাহার একমাত্র ওয়ারেশ রূপে নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া তুল্যাংশে ভোগবান ও দখলিকার থাকা কালীন উক্ত অনুকূল চন্দ্র ঘোষ ও পঞ্চানন ঘোষ মহাশয়দ্বয় আরও সম্পত্তি খরিদ করিয়া অন্যের বিনা স্বত্ব সংস্রবে তুল্যাংশে এজমালে খাসে নির্ব্যূঢ় স্বত্বের মালিক ভোগবান দখলিকার থাকেন। অতঃপর উক্ত সহোদর ভ্রাতাদ্বয় পৃথকান্ন হইলে নিজ নিজ ভোগদখলের সুবিধার্থে দুই সহোদর একমত হইয়া তাহাদের বসত বাটীর সন্নিকটস্থ সম্পত্তি সমূহ আপোষে বিভাগ বন্টন করিয়া লন। উক্ত সাবেক ১৩০ হাল ১২৯ নং খতিয়ানের সাবেক ও হাল ৫১৬ নং দাগের জমি সহ অপরাপর কতক সম্পত্তি কোবালা দাতা আমার পিতৃদেব ৺ অনুকূল চন্দ্র ঘোষ মহাশয় উক্ত আপোষ বন্টন মূলে তাহার অংশে নির্ব্যূঢ় স্বত্বে ষোল আনা রকম অংশে অন্যের নিরাংশে প্রাপ্ত হইয়া ২৪ পরগণা জেলা কালেক্টারীর ধার্য্য খাজনাদি আদায়ে তাঁহার নিজ স্বত্ব ও খাস দখল পরিচালনা করিতে থাকেন। অতঃপর তাঁহার স্বত্বাধিকারী






স্বত্বাধিকারী উক্ত সম্পত্তিতে সম্বন্ধে তাহার ওয়ারেশগণের মধ্যে সর্ব্বপ্রকার বিবাদ বিসম্বাদ খণ্ডনার্থে ও পারিবারিক শান্তি ও শৃংখলা রক্ষার জন্য বিগত ইং ১৫।১০।১৯৬৯ তারিখে একখেতা রেজিষ্ট্রীকৃত পারিবারিক নিরূপণ পত্র সম্পাদন করিয়া তাহার স্বত্ব দখলি সমস্ত সম্পত্তি তাহার দুই পুত্র শ্রী বাসুদেব ঘোষ ও কোবালা দাতা শ্রী জয়দেব ঘোষ আমাকে নিরুপিত করেন। উক্ত মৃত অনুকূল চন্দ্র ঘোষ মহাশয়ের সম্পাদিত উক্ত পারিবারিক ব্যবস্থা পত্র আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১নং বহির ৯৩ নং ভলুমের পাতা ১৪২ হইতে ১৫১ নং পাতায় সন ১৯৬৯ সালের ৫০৪৭ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে। কোবালা দাতা আমার পিতৃদেব অনুকূল চন্দ্র ঘোষ মহাশয় বিগত ইংরাজী ২৩।১২।৭০ তারিখে পরলোক গমন করিয়াছেন। উক্ত পারিবারিক ব্যবস্থা পত্র মূলে উক্ত দলিলের ।গ। তপশীলে বর্ণিত ৫১৬ নং দাগের জমি ও অন্যান্য সম্পত্তি কোবালা দাতা আমি নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া মালেক পশ্চিম বঙ্গ স.রকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেক্টার বাহাদুর সেরেস্তায় খাজনাদি আদায় দিয়া একক ভোগ






ষোল আনা রকম সৃত্ব পরিচালনে খাসে ভোগবান ও সৃত্বদখলিকার আছি । উক্ত সম্পত্তিতে আমার উত্তম বিক্রয় যোগ্য সৃত্ব আছে, এবং উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে ।

এক্ষণে নানাবিধ বৈধ কারণে আমার নগদ টাকার প্রয়োজন হওয়ায় পূর্ব্বোক্ত সাবেক ১৩০ নং খতিয়ান হাল ১২৯ নং খতিয়ানের সাবেক ও হাল ৫১৬ নং দফের ১.৩৫ শতক ডাঙ্গা জমির মধ্যে মাপ সুরত ৵৩ তিন কাঠা জমি যাহা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল তাহা বিক্রয় করিবার ঘোষণা করিলে কোবালা গ্রহিতা আপনি উক্ত জমির বর্ত্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ মূল্য কাঠা প্রতি ৪০০০.০০ চারি হাজার টাকা মূল্যে মবলগে ১২,০০০.০০ বার হাজার টাকা পণে খরিদ করিতে প্রস্তাব দিলে উহাই সর্ব্বোচ্চ বাজার মূল্য জ্ঞাত হইয়া কোবালা গ্রহিতা আপনার প্রস্তাবে সম্মত ও সৃীকৃত হইয়া ধার্য্য পণের সমুদয় মং ১২,০০০.০০ বার হাজার টাকা নিম্ন মায়মত অদ্যকার তারিখে আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া

1Rs




॥ ৬ ॥

পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীলে বিশেষ রূপে বর্ণিত সম্পত্তি যাহা অত্র দলিল সংলগ্ন নকসায় লাল বর্ণের সীমা রেখার দ্বারা বিশেষ রূপে চিহ্নিত ও প্রদর্শিত হইল, তাহা তৎসংলগ্ন দুই দিকের যথাক্রমে ১২´ ও ১৬´ ফুট প্রশস্ত কমন প্যাসেজে যাতায়াতের ব্যবহারিক স্বত্ব ও সর্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদি বর্ত্ত স্বত্ব সহবস্থ হক হকুক নির্দায়, নির্দোষ ও খাস দখলে থাকা কালীন অত্র কোবালা মূলে কোবালা গ্রহিতা আপনাকে বিক্রয় করিলাম, এবং তপশীল সম্পত্তির দখল কোবালা গ্রহিতা আপনার অনুকূলে পরিত্যাগ করিয়া কোবালা দাতা আমি ওয়ারেশ ও স্থলাভিষিক্ত গণ ক্রমে নিঃস্বত্ব হইলাম। কোবালা দাতা আমি এতদ্বারা স্বীকার, অঙ্গিকার, প্রচার ও প্রকাশ করিতেছি যে, তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, সত্তা, হক, বা দখল ছিল বা আছে তাহা অদ্য হইতে সম্পূর্ণ লোপ ও ধ্বংস বা রহিত হইয়া আপনাতে বর্ত্তাইল, এবং তপশীল সম্পত্তিতে আপনি অত্র কোবালা দলিল মূলে আমার ষোল আনা স্বত্বে স্বত্ববান ও দখলে দখলকার হইয়া পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে

পক্ষে জেলা ২৪ পরগণা কালেক্টার বাহাদুর সেরেস্তায় আমার নাম খারিজ দিয়া নিজ নাম পত্তন করতঃ তপশীল সম্পত্তি দান, বিক্রয়াদি সর্ব্বপ্রকা.র হস্তান্তরের মালিক স্বত্বাধি - কারী হইয়া যথেচ্ছা ব্যবহারের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ও ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন ও রহেন , তাহাতে আমি বা আমার ওয়ারেশ ও স্থলাভিষিক্তগণ কেহ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি দাবী, দাওয়া করিতে পারিব না বা পারিবে না, বা করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর গণ্য হইবে ।

তপশীল সম্পত্তি ইতি পূর্ব্বে কাহারও নিকট দায়াবদ্ধ করি নাই, এবং উহা কোন প্রকার দান, বিক্রয়াদি বা কোন প্রকার হস্তান্তর বা মর্টগেজ বা অন্য কোনরূপ দায়াবদ্ধ করি নাই, বা দায়াবদ্ধাবস্থা.য় নাই । উহা কোন দেনার দায়ে আবদ্ধ নাই । উহার উপর কোন আদালত হইতে কোন দেনার দায়ে বা কোন প্রকার ক্রোকে আবদ্ধ নাই, বা কোন আদালত হইতে কোন প্রকার নিষেধাজ্ঞা জারি নাই । তপশীল সম্পত্তির স্বত্বাদি বিচার জন্য কোন আদালতে কোন মোকর্দ্দমা দায়ের নাই, উহা এ্যাকুইজিশান বা রিকুইজিশান হইবার পক্ষে আমার উপর কোন নোটীশ হয় নাই । অদ্যাবধি তপশীল বিক্রিত সম্পত্তি গভর্ণমেন্ট বা কলিকাতা ইমপ্রুভমেন্ট বা কলিকাতা ডেভালপমেন্ট অথরিটি কর্ত্তৃক গৃহিত হয় নাই, বা হইবার কোন নোটীশ হয় নাই, বা কোন স্কীমের এ্যালাইনমেন্ট ভুক্ত সম্পত্তি নহে । উহা কোন দেব সেবায় বা পাবলিক চ্যারিটীতে অর্পিত সম্পত্তি নহে ।

ভবিষ্যতে আমার উপরোক্ত উক্তি সমূহের বিপরীত বা অপ্রকৃত অবস্থা প্রকাশ পাইয়া বা বিক্রিত সম্পত্তিতে স্বত্বের হীনতা বা ন্যূনতা প্রকাশ পাইয়া আপনার স্বত্ব

স্বত্ব দখলে কোন ব্যাঘাত বা বিঘ্ন ঘটে বা ক্ষতি খেসারত হয় তবে মাফিক আইন আমলে আসিব, তজ্জন্য পুত্র পৌত্রাদি ওয়ারেশানগণ ক্রমে যাবতীয় ক্ষতি পুরণ দিতে স্বীকৃত বা বাধ্য রহিলাম বা রহিল। এই দলিলে ভবিষ্যতে কোন ভ্রম থাকা দৃষ্ট হইলে তাহা সংশোধনের জন্য অথবা আপনার খরিদা স্বত্ত্ব ও দখল অক্ষুন্ন রাখিবার জন্য বা দৃঢ় করণের জন্য বা কোবালায় কোন অনিচ্ছাকৃত ভ্রম সংশোধনের জন্য অত্র কোবালা দলিলের পোষকতায় অপর কোন সংশোধনী দলিল করিয়া দিবার প্রয়োজন হয় তবে আমি কোন প্রকার পণ না লইয়া আপনা.র খরচায় ও আপনার তলব মত ওয়ারেশানগণ ক্রমে দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিল। প্রকাশ থাকে যে, বিক্রিত সম্পত্তির খাজনা হাল নাগাদ দেওয়া আছে। ভবিষ্যতে যদি কোন ট্যাক্সাদি অদেয় থাকা প্রকাশ পায় তবে আমি ওয়ারেশানগণ ক্রমে তাহা প্রদান করিতে বাধ্য রহিলাম ও রহিল।

এতদর্থে সুস্থ শরীরে সবল চিত্তে অন্যের বিনানুরোধে অত্র কোবালা দলিল পড়িয়া ও মর্ম্ম সম্যক অবগত হইয়া নিম্ন লায়মত পণের সমুদয় টাকা বুঝিয়া পাইয়া অত্র কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৩৮৮ সালের ১৭শে মাঘ, ইংরাজী সন ১৯৮২ সালের ২রা ফেব্রুয়ারী

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় ঃ-
ও তাহার চৌহদ্দি -

জেলা ২৪ পরগণা, সাবেক থানা সদর টালিগঞ্জ, বর্তমান থানা রিজেন্ট পার্ক সাবরেজিষ্ট্রী আলিপুর, পরগণা মাগুরা, জেলা ২৪ পরগণা কালেক্টারীর ১৪ নং

তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২০০, জে, এল, নং ৪৯ মৌজা কামডহরী অধিন সাবেক ১৩০ নং খতিয়ান হাল ১২৯ নং খতিয়ান ভুক্ত সাবেক ও হাল ৫১৬ পাঁচশত ষোল নং দাগের ১·৩৫ শতক ডাঙ্গা জমির মধ্যে স্থানীয় পরিমাণে কমবেশ /৩ তিন কাঠা জমি যাহা অত্র দলিল সংলগ্ন নক্সায় লাল বর্ণের সীমা রেখা দ্বারা চিহ্নিত প্রদর্শিত হইল ও উক্ত জমিতে যাতায়াতের জন্য দুই দিকের যথাক্রমে ১২´ বার ফুট ও ১৬´ ষোল ফুট প্রশস্ত কমন প্যাসেজের সর্ব্বপ্রকারের ইজমেন্ট স্বত্বাদি সহ জলের পাইপ সুয়ারেজ ইলেকট্রিক লাইন, নেওয়া প্রভৃতির অধিকার সায় সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি তৎসংশ্লিষ্ট যাবতীয় বর্ত্ত স্বত্ব অধিকার সহ অত্র কোবালা দলিলের বিষয়ভুক্ত সম্পত্তি হইতেছে। বিক্রিত জমি বর্ত্তমান চাষ কার্য্যে ব্যবহার হইতেছে। উক্ত জমির বার্ষিক হারাহারি খাজনা ৩৫ পয়সা বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা ২৪ পরগনা কালেক্টর বাহাদুর সেরেস্তায় দেয় হইতেছে।

তপশীল চৌহদ্দি ঃ-

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ- | ৫১৬ নং দাগের ৫ নং প্লটের জমি। |
| দক্ষিণে | ঃ- | ১৬´ ষোল ফুট প্রশস্ত কমন প্যাসেজ। |
| পূর্ব্বে | ঃ- | ১২´ বার ফুট প্রশস্ত কমন প্যাসেজ। |
| পশ্চিমে | ঃ- | ৫১৬ নং দাগের ৩ নং প্লটের জমি। |

তপশীল টাকার জায় ঃ-

দেনা ব্যাঙ্কের উপর দেয় ১·২·৮২ তারিখের পে-অর্ডার
PA/A ৮২৮৯১১৭ নম্বর দ্বারা কোবালা
দাতার নাম বরাবর দেয় - - - - - - - - - - ১২,০০০·০০ টাকা
সং বার হাজার টাকা বুঝিয়া পাইলাম।

ইসাদী ঃ-

1) Sushil Kumar Ghosh
Kamdahari

2) Narayan Chandra Dey
Alipur


টাইপকারক ঃ-
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা - ৭০০০২৭।

# LAND PLAN PORTION OF R.S. DAG NO. 516 UNDER KHATIAN NO. 129 IN MOUZA:- KAMDAHARI, J.L. NO. 49, P.S. REGENT PARK, DT. 24 PARGANAS,

SCALE 30' = 1 INCH

AREA:- 3K-0CH-0SFT.

AREA SHOWN IN RED BORDER




DRAWN BY:-
K.K. Bhattacharjee
SURVEYOR